

যায়যায়দিন

ভর্তি ফরম বাণিজ্যের গ্যাডাকলে

গোকুল চন্দ্র বিশ্বাস বাকুবি



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্মের মোড়ে ৩৬-বার রাতে দেখা গেল ভর্তিছু এক ছাত্র খুবই বিমর্ষ। কিছুটা নির্বাকও। কাছে গিয়ে জানা গেল ছাত্রটি এসেছিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০০৭ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে লেভেল-১ সেমিস্টার-১-এর ভর্তি পরীক্ষায় অংশ নিতে। ছাত্রটির নাম জিব্বুর

রহমান। এসেছে কুমিল্লার দেবীহার থেকে। কুমিল্লার 'প্রাইমেট' কোচিং সেন্টারের মাধ্যমে পুরণকৃত তার ভর্তি ফরম বাকুবি ভর্তি কমিটি কার্যালয়ে জমা পড়েনি। ডুপ্লিকেট প্রবেশপত্র তুলতে গিয়ে এ বছর জানতে পারে জিব্বুর। তাই প্রবেশপত্র তোলা আর হয়নি। পরীক্ষাও দিতে পারেনি জিব্বুর। জিব্বুরের ১০ বছর মধ্যে আটজনেরই ভর্তি ফরম জমা পড়েনি। অন্যদিকে দিনাজপুর থেকে আসা ফারজানা বখির ফ্রেডস কোচিং-এর মাধ্যমে পুরণকৃত ভর্তি ফরম জমা পড়েনি বিশ্ববিদ্যালয়ে। ফরম বাণিজ্যের এই গ্যাডাকলে পড়ে জনি, হাসান, জসীম, পলি, শামীম, রোবায়ত, আফরিন, সাদিয়াসহ প্রায় ২৫০ পরীক্ষার্থী বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দিতে পারেনি। জানা যায়, 'ফ্রেডস' এবং 'প্রাইমেট' কোচিং সেন্টারের মাধ্যমে পাঠানো

১৫০-১৭৫ শিক্ষার্থীর ভর্তি ফরম বিশ্ববিদ্যালয়ে জমা পড়েনি। শনিবার প্রবেশপত্র ইস্যু সেকশনের দায়িত্বপ্রাপ্ত ফার্ম স্ট্রাকচার বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আলী আশরাফী জানান, কোচিং সেন্টারের মাধ্যমে ফরম বাণিজ্যের ফাদে পড়েছে প্রায় ২০০-২৫০ শিক্ষার্থী। তিনি জানান, এদের অধিকাংশই 'ফ্রেডস' কোচিং সেন্টারের মাধ্যমে প্রচারিত হয়েছে। এতে চট্টগ্রাম, রাজশাহী, দিনাজপুর, ঢাকা, বরিশাল, সিলেট এলাকার শিক্ষার্থীরা বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।

এদিকে প্রচারিত পরীক্ষার্থীরা শুরু ও শনিবার কোচিং সেন্টারগুলোর সঙ্গে কোনো যোগাযোগ করতে পারেনি।

ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানে জটিলতা

গতকাল ভর্তি পরীক্ষার্থীদের অভিভাবকরা অভিযোগ তোলেন, বিগত বছরগুলোর তুলনায় এ বছর ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানে জটিলতা অনেক বেশি। অভিভাবকদের অধিকাংশই ওয়েবসাইটে ফরম ছাড়াই নেতিবাচক দৃষ্টিতে দেখছেন। কেননা মফস্বল এলাকার শিক্ষার্থীরা ইন্টারনেট ব্যবহার করা জানেন না। তাছাড়া ডাউনলোড জটিলতা, পন্টিং মিসটেক, পাতলা কাগজ ব্যবহার, ফটোকপি তো আছেই। অভিভাবকরা জটিলতা এড়াতে সরাসরি ব্যাংকের মাধ্যমে ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেয়াকে সহজ বলে মনে করেন।

নবীনদের পদচারণায় মুখরিত বাকুবি

বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০০৭ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে লেভেল-১ সেমিস্টার ১-এর ভর্তি পরীক্ষা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। নবীন শিক্ষার্থীদের পদচারণায় ক্যাম্পাস হয়ে ওঠে প্রাণচঞ্চল। বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. মোহাম্মদ মোশাররফ হোসাইন মিঞা পরীক্ষার হল পরিদর্শন করেন। বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির আহ্বায়ক ও মানস্য বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বজলুর রশীদ চৌধুরী জানান, ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। এ বছর ভর্তি পরীক্ষার মোট উপস্থিতি ছিল শতকরা ৭০ ভাগ, যা বিগত বছরগুলোর তুলনায় বেশি।